

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫০৪

আগরতলা, ৮ জানুয়ারি, ২০২৪

বিধানসভা সংবাদ

চন্দ্রয়ান-৩ ও জি-২০ গ্লোবাল সামিটের অসাধারণ  
সাফল্যে রাজ্য বিধানসভার অভিনন্দন

চন্দ্রয়ান-৩ এর চন্দ্রপৃষ্ঠে সফল ও মসৃণভাবে অবতরণ এবং এই অভিযানের সফল কর্মসম্পাদনের জন্য রাজ্য বিধানসভার পক্ষ থেকে আজ ইসরোর বৈজ্ঞানিক সহ এই অভিযানের সঙ্গে যুক্ত সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক অভিনন্দন জানানো হয়েছে। একইসঙ্গে নয়াদিল্লিতে অনুষ্ঠিত জি-২০ গ্লোবাল সামিটের অসাধারণ সাফল্যের জন্য বিধানসভার পক্ষ থেকে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং বিদেশমন্ত্রী এস জয়শঙ্করকে অভিনন্দন জানানো হয়েছে। পাশাপাশি এই সামিটে অংশগ্রহনকারী বিভিন্ন দেশের রাষ্ট্রনায়ক এবং প্রতিনিধিদেরও আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করা হয়েছে। এই সম্মেলনকে সর্বাঙ্গিকভাবে সফল করে তোলার জন্য কেন্দ্রীয় সরকারের ভূমিকার প্রশংসা করা হয়েছে। বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন অভিনন্দন বার্তা দুটি পড়ে শোনান।

\*\*\*\*\*